

পদার্থ বিজ্ঞান বিভাগ
ঢাকা বিশ্ববিদ্যালয়


নিয়োগ বিজ্ঞপ্তি
(অভ্যন্তরীণ বিজ্ঞপ্তি)

দৈনিক ৪৭৫/- (চারশত পঁচাত্তর) টাকা মজুরীতে এবং নো-ওয়ার্ক নো-পে শর্তের ভিত্তিতে পদার্থ বিজ্ঞান বিভাগে ০১ (এক) জন খণ্ডকালীন পরিচ্ছন্নতা কর্মী (ক্লিনার) নিয়োগের জন্য দরখাস্ত আহবান করা হচ্ছে।

আগ্রহী প্রার্থীকে এস.এস.সি পাস ও কর্মঠ হতে হবে। প্রার্থীর বয়স কমপক্ষে ১৮ বছর হতে হবে এবং পরিচ্ছন্নতা কাজে অভিজ্ঞতা থাকতে হবে।

চেয়ারম্যান, পদার্থ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে প্রদেয় ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্য মানের ব্যাংক ড্রাফট /পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং প্রশংসাপত্রসহ সকল পরীক্ষার সনদ পত্রের সত্যায়িত প্রতিলিপি, প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, জন্ম তারিখ, বয়স, ধর্ম, জাতীয়তা, অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখ পূর্বক স্ব-হস্তে লিখিত দরখাস্ত, পাসপোর্ট সাইজের দুইকপি রঙিন ছবি ও ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার কমিশনার কর্তৃক নাগরিকত্বের সনদপত্র আগামী ১০.০২.২০২০ তারিখের মধ্যে পদার্থ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অফিসে জমা দিতে হবে।

প্রার্থীদের সাক্ষাৎকার আগামী ১৭.০২.২০২০ তারিখ বেলা ১১:৩০ মিনিটে বিভাগীয় চেয়ারম্যানের অফিস কক্ষে অনুষ্ঠিত হবে। সাক্ষাৎকারের সময় মূল কাগজপত্র সঙ্গে আনতে হবে। প্রার্থীকে এজন্য কোন টি.এ/ডি.এ. দেয়া হবে না। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষার জন্য আলাদা কোন পত্র দেয়া হবে না।


26 JAN 2020
অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম
চেয়ারম্যান
পদার্থ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা-১০০০।

স্মারক নং- ০২১-০৭১/২০/০৮

তারিখ: ১২ মাঘ, ১৪২৬ বঙ্গাব্দ
২৬ জানুয়ারি, ২০২০ খ্রিস্টাব্দ